

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

বিজ্ঞপ্তি নং ও তারিখঃ ৪৪.০৮.২৬৮০.০২০.৯৭.০০১.১৯. ৭২৬ তারিখ ১২ সেপ্টেম্বর ২০১৯।

**REQUEST FOR EXPRESSION OF INTEREST (EOI)**

১। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর জনবল ও জলযানের সাহায্যে উপকূলীয় এলাকায় আইন-শৃঙ্খলা রক্ষা, জলদস্যুতা, মানবপাচারকারী, চোরাকারবারী দমন ও দেশের বন্দর/সমুদ্র বন্দরের নিরাপত্তা নিশ্চিতকরণসহ বাহিনীর উপর অর্পিত দায়িত্ব সার্বক্ষণিকভাবে পালন করে আসছে। কিন্তু দেশবাসী কোস্ট গার্ড বাহিনীর দায়িত্ব সম্পর্কে পর্যাপ্ত ধারণা না থাকায় এ বাহিনী হতে সেবা/সহায়তা পাওয়ার বিষয়ে অবগত নন। ফলে দেশবাসীকে এ বাহিনীর দায়িত্ব ও কার্যক্রম সম্পর্কে সম্যক ধারণা প্রদান, দুস্কৃতিকারীদের বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধি এবং কোস্ট গার্ড বাহিনীর সদস্যদের মনোবল সমুন্নত রাখার লক্ষ্যে একটি মানসম্মত ম্যাগাজিন অনুষ্ঠান এবং বিজ্ঞাপন (TVC) তৈরিকরতঃ ইলেক্ট্রনিক মিডিয়ায় (টেলিভিশন এবং ইউটিউবসহ সোশ্যাল মিডিয়া) প্রচার করা হবে। এ প্রেক্ষিতে একটি মানসম্মত ম্যাগাজিন অনুষ্ঠান 'উপকূল' (ব্যাপ্তিকাল-৩০ মিনিট) এবং একটি বিজ্ঞাপন TVC (ব্যাপ্তিকাল-০২ মিনিট) নির্মাণের জন্য আত্মহী নির্মাণকারী প্রতিষ্ঠান হতে EOI (Expression of Interest) আহ্বান করা যাচ্ছে। আত্মহী নির্মাণকারী প্রতিষ্ঠানকে আগামী ২৯ সেপ্টেম্বর ২০১৯ তারিখের মধ্যে নিজ নিজ প্রতিষ্ঠানের প্যাডে সম্মতিপত্র প্রদানের জন্য আহ্বান করা যাচ্ছে। পরবর্তীতে প্রাথমিকভাবে নির্বাচিত প্রতিষ্ঠানের নিকট হতে Multimedia Presentation ও আর্থিক প্রস্তাবনা আহ্বান করা হবে।

২। আত্মহী নির্মাণকারী প্রতিষ্ঠানসমূহের নূন্যতম যোগ্যতাঃ

- |                   |   |   |
|-------------------|---|---|
| ক। অভিজ্ঞতা       | ঃ | ম্যাগাজিন অনুষ্ঠান তৈরির উপর নূন্যতম ৩ (তিন) বছরের পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে।  |
| খ। জনবল           | ঃ | বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন দক্ষ জনবল নিয়োগ করতে হবে (অভিজ্ঞতার প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে)।                              |
| গ। যন্ত্রপাতি     | ঃ | ম্যাগাজিন অনুষ্ঠান নির্মাণে অত্যাধুনিক যন্ত্রপাতি ব্যবহার করতে হবে (ব্যবহৃতব্য প্রয়োজনীয় যন্ত্রপাতির বিবরণ সংযুক্ত করতে হবে)। |
| ঘ। আর্থিক সক্ষমতা | ঃ | ম্যাগাজিন অনুষ্ঠান নির্মাণে প্রয়োজনীয় আর্থিক সক্ষমতা থাকতে হবে।   |
| ঙ। পরিচালক নিয়োগ | ঃ | এই ধরনের অনুষ্ঠান নির্মাণে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন পরিচালক নিয়োগ করতে হবে (স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হবে)।      |
| চ। অগ্রাধিকার     | ঃ | প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ম্যাগাজিন অনুষ্ঠান নির্মাণে অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা হবে।                                       |

৩। নির্মাণকারী প্রতিষ্ঠানকে নিম্নবর্ণিত কাগজপত্রাদি EOI (Expression of Interest) এর সাথে দাখিল করতে হবেঃ

- |    |   |
|----|---|
| ক। | ট্রেড লাইসেন্স এর ফটোকপি।                         |
| খ। | অভিজ্ঞতার সনদপত্র।                                |
| গ। | নিমাণকারী প্রতিষ্ঠানের জীবন বৃত্তান্ত।            |
| ঘ। | Bank Solvency সার্টিফিকেট।                        |
| ঙ। | টিআইএন সার্টিফিকেট এর ফটোকপি।                     |
| চ। | প্রতিষ্ঠান প্রধানের জাতীয় পরিচয় পত্র এর ফটোকপি। |

৪। বিশেষ নির্দেশাবলী :

- |    |   |
|----|---|
| ক। | কোস্ট গার্ড বাহিনী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সকল দরপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে। |
| খ। | মুদ্রণজনিত ত্রুটি অথবা অন্য কোন কারণে কোন ধরনের সন্দেহের উদ্বেক হলে "দি পাবলিক প্রকিউরমেন্ট রেগুলেশন-২০০৮" প্রযোজ্য হবে।            |
| গ। | অনিবার্য কারণবশতঃ EOI জমাধান এবং খোলার তারিখ বিঘ্নিত হলে তা পরবর্তী কার্য দিবসে পূর্বের উল্লেখিত সময়ে অনুষ্ঠিত হবে।                |
| ঘ। | বিল দাখিলের সময়ে NBR কর্তৃক ধার্যকৃত হারে VAT এবং IT কর্তন করা হবে।  |



পরিচালক গোয়েন্দা  
পক্ষে মহাপরিচালক